

পাঠকের জিজ্ঞাসা

বোধ্য, যারা কমপিউটার এবং তার ইন্সটুট বা অ্যান্টিপুট ব্যবহার করে যুক্ত থাকে। বাসগামী তথ্যের গতিপথের সামগ্রিক পরিচালনার দায়িত্ব থাকে নিম্নলিখ বিভাগের।

? মডেম কাকে বলে? মডেমের সাহায্যে দুটি কমপিউটার কিভাবে তথ্য বিনিময় করতে পারে?
কোনকাল হাডোন (ছবি)
মালিবাণ, ঢাকা।

ম ডেম (MODEM) হচ্ছে একটি ছোট ইলেক্ট্রনিক যন্ত্র। এর সাহায্যে দুটি কমপিউটার টেলিফোন লাইনের মাধ্যমে একে অপরের সাথে তথ্য বিনিময় করতে পারে।

মডেম ডিজিটাল সঙ্কেতকে (Signal) এনালগ সঙ্কেতে রূপান্তরিত করে যাতে কোন এনালগ যোগাযোগ মাধ্যমে সঞ্চারিত (transmit) হতে পারে (Modulation), এবং কোন আদিত এনালগ সঙ্কেতকে পুনরায় ডিজিটাল সঙ্কেত (Demodulation) রূপান্তরিত করতে পারে। যে সমগ্র মাধ্যম দিয়ে এনালগ সঙ্কেত প্রবাহিত হয় তা দিয়ে দুই বা ততোধিক ডিজিটাল ডিভাইসের সংযোগ সাধন করা যায়। যেমন মোডেমের মাধ্যমে যোগাযোগের সময়ে কমপিউটারের ডিজিটাল আউটপুট মোডেমে আসে। মোডেম তারক এনালগ সঙ্কেত রূপান্তরিত করে। এই সঙ্কেত টেলিফোনের তারে প্রেরণ চলে যায় দুইবর্তী অন্য কোন কমপিউটারের মডেমে। সেই মডেম এই এনালগ সঙ্কেতকে পুনরায় ডিজিটাল সঙ্কেত রূপান্তরিত করে। তখন দুটি কমপিউটারের মাধ্যমে হ্যাট শেয়ারিং করে তথ্য বিনিময় করে। বেশির ভাগ মডেমেই কোন বিশেষ দেশের বা আন্তর্জাতিক মান অনুযায়ী তৈরি করা হয় যাতে তার মডেমের তথ্য বিনিময়কারী বিভিন্ন যন্ত্রসমূহ তথ্য আদান গ্রহণ করতে পারে।

- মুফ তারেকুল আমোন চৌধুরী

? অনেক সময় কমপিউটার অন করার পর পর্দায় A> না এসে Disk Boot Failure কথাটি আসে। তখন আর কমপিউটারে কাজ করা যায় না। তখন কি করা উচিত এবং এ থেকে রক্ষার উপায় কি?
আলমশাহী মাহিদু
দুন্দীপঞ্জর।

ক মপিউটার অন করার পর Boot Disk Failure কথাটি আসার বেশ কয়েকটি কারণ রয়েছে। তবে এদের মধ্যে উল্লেখযোগ্যগুলো হচ্ছে

- ডিস্কটি DOS ডিস্ক না হলে;
- COMMAND.COM না থাকলে;
- ড্রাইভের হেডে সমস্যা (Problem) থাকলে;
- ডিস্কটি ফাস্টাস মুক্ত হলে পরে।

উল্লিখিত সমস্যাটি পর্দায় এলে ডিস্কটি মূল সিস্টেম ডিস্ক টুকিয়ে বুট করার চেষ্টা করুন। হেড ট্রিনার দিয়ে হেডটিতে পরিষ্কার করার ব্যবস্থা করুন। বেশ কয়েকবার এটি করুন। তারপর কিছুক্ষণ বিশ্রাম নিয়ে বুট করতে চেষ্টা করুন। ড্রাইভে ডিস্ক প্রবেশ করানোর পূর্বেই ডিস্কটি ফাস্টাস মুক্ত কিনা পরীক্ষা করে দেখুন (গত সমস্যায় অক্টোবর '৯১ পাঠকের জিজ্ঞাসা বিভাগে ডিস্ক ফাস্টাস সম্পর্কে দেখা হয়েছে)।

? ASCII কথাটি কি এবং কমপিউটারে BUS বলাতে কি বুঝায়?
ফারুক আহমেদ
আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

ASCII (আইআস এআসসি)-এর পুরো নাম হল আমেরিকান স্ট্যান্ডার্ড কোড ফর ইনফরমেশন ইন্টারচেঞ্জ (American Standard Code for Information Interchange)। এই আন্তর্জাতিক কোড দিয়ে যে কোনও মডেলের যে কোনও কমপিউটারের সঙ্গে তার বিনিময় বা কমপিউটারে ও অন্য যোগাযোগ সিস্টেম এবং আনুষঙ্গিক অন্যান্য যন্ত্রপাতির সাথে তথ্য বিনিময় করা যায়। এই কোডে ৭ বিট অথবা ৮ বিট শব্দ নিয়ে ইংরেজী অক্ষর, সংখ্যা, যতি চিহ্ন, পাঠ্যগনিষ্ঠীয় চিহ্ন ও অন্যান্য ১২৮টি সঙ্কেত প্রকাশের ব্যবস্থা আছে। যেমন, যখনই আমরা কী বোর্ডে 'E' অক্ষর দেখা যেতামটি চাপ দিই তখনই '01100101' বাইনারি সঙ্কেতটি— যার অর্থ ছোট হাতের 'e'— কমপিউটারে প্রবেশ করল। যদি কী বোর্ডের Caps Lock বোতাম টিপে তারপর 'E' অক্ষর বোতাম টিপে— অর্থাৎ যদি বড় হাতের 'E' চাই তাহলে '01000101' বাইনারি সঙ্কেতটি কমপিউটারে প্রবেশ করবে। এক্ষেত্রে বাইনারি সঙ্কেতগুলোই হচ্ছে 'E' অথবা 'e'—এর সমতুল্য আসসি কোড।

যে পথ দিয়ে কমপিউটারের তথ্য বা নির্দেশ যাতায়াত করে তাকে বাস (BUS) বলে। আমকে একে হাইওয়ে (Highway) বলে থাকেন। বাসগামীরা যেমন বাসে যাতায়াত করে তেমনি ডেটা বাসের মাধ্যমে তথ্য আদান-গ্রহণ হয়। বাস সিস্টেম কমপিউটার এবং ইনসটুট/আউটপুট ব্যবহার মাধ্যমে যোগসূত্র বিশেষ। আবার কমপিউটারের মধ্যেও, অর্থাৎ সি, সি, ইউ এবং নিম্নলিখ স্মৃতির মধ্যেও, তথ্য চলার পথ কয়েকগুণ তারকে

HAND-ON-COMPUTER TRAINING

ONE PERSON ONE COMPUTER

Announcing Start of next Special Courses

- * "HARDWARE MAINTENANCE AND IBM PC TROUBLESHOOTING"
Duration-3 months, No. of Seats -10.
Starts from 20.11.91
- * "ANALYTIC PROGRAMMER'S COURSE"
Duration-4 months, No. of Seats -6,
Starts from 21.11.91

MANY SHORT COURSES AVAILABLE

ICMS

Computer Training Centre.

Dedicated Trainer in Software and Hardware since 1989

FOR TOTAL SOLUTION

- Hardware sales and support.
- Computer maintenance and servicing.
- Complete system Development.
- Peripheral- Accessories (supply and sales.)
- Consultancy services.

DETOSEARCH

Mirpur 10-B, Ave. 1/plot-3
Dhaka 1221, Bangladesh.

Ph : 802458, Fax No. 880-2-863658

Telex : 671089 TLK BJ

YOUR TRUSTED COMPUTER DEALER SINCE 1982.